

[বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর]

আদেশ

বিশেষ আদেশ নং- ০৩/মুসক/২০১৭

তারিখঃ ১৯ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ।

০২ এপ্রিল, ২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ ১-৫ এপ্রিল, ২০১৭ খ্রিঃ মেয়াদে বাংলাদেশ জাতীয় সংসদ ও ইন্টার-পার্লামেন্টারী ইউনিয়ন (আইপিইউ) এর যৌথ উদ্যোগে ঢাকায় আইপিইউ এর ১৩৬ তম এসেসলি সম্মেলন অনুষ্ঠান সংক্রান্ত আপ্যায়নসহ যাবতীয় ব্যয়ের ক্ষেত্রে ভ্যাট মওকুফ প্রদান।

যেহেতু, বাংলাদেশ জাতীয় সংসদ ও ইন্টার-পার্লামেন্টারী ইউনিয়ন (আইপিইউ) এর যৌথ উদ্যোগে ঢাকায় আইপিইউ এর ১৩৬ তম এসেসলি অনুষ্ঠানটি একটি আন্তর্জাতিক সম্মেলন এবং ইহাতে প্রচুর সরকারি অর্থ ব্যয় হইবে এবং উক্ত সম্মেলন অনুষ্ঠানের জন্য যেই সকল ব্যয়ের প্রয়োজন হইবে তাহা হইতে ভ্যাট বাদ দেওয়া হইলে সরকারি ব্যয় কিছুটা সাশ্রয় হইবে মর্মে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় হইতে পর্যবেক্ষণ প্রদান করা হইয়াছে; এবং

যেহেতু, সম্মেলনটি বাংলাদেশের জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও মর্যাদাকর অনুষ্ঠান এবং সেই কারণে ইহার সুষ্ঠু ও সফল আয়োজনে সরকারের প্রতিটি সংস্থার ভূমিকা রাখা প্রয়োজন;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ জাতীয় সংসদ ও ইন্টার-পার্লামেন্টারী ইউনিয়ন (আইপিইউ) এর যৌথ উদ্যোগে ঢাকায় আগামী ১-৫ এপ্রিল, ২০১৭ খ্রিঃ মেয়াদে অনুষ্ঠেয় আইপিইউ এর ১৩৬ তম এসেসলি সম্মেলন সংশ্লিষ্ট আপ্যায়নসহ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় কর্তৃক নির্ধারিত উক্ত সম্মেলনের সহিত সরাসরি সম্পৃক্ত অন্যান্য ব্যয়ের ক্ষেত্রে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/- ০২/০৪/২০১৭ খ্রিঃ।

(মোঃ নজিবুর রহমান)

চেয়ারম্যান

প্রাপকঃ উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা।

তীহাকে উল্লিখিত আদেশ এর ৩০০(তিনশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

নথি নং- ০৮.০১.০০০০.০৭০.০৮.০০৩.১৪/৭ ৬(০২)

তারিখঃ ০২-০৪-২০১৭ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ-


০১। সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।

০২-১৩। কমিশনার, কাস্টমস, এন্ডাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/যশোর/
/রংপুর/কুমিল্লা/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।

১৪-১৯। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মংলা/আইসিডি, কমলাপুর/বেনাপোল/পানগাঁও, ঢাকা।

২০। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]।

২১। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।


০২/০৪/১৭

(মোঃ শামসুল আরেফিন খান)

দ্বিতীয় সচিব (মুসক অব্যাহতি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৪৪০